যুগান্তর

তারিখ 08 JAN 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# আমরা অনেক অসম্ভবকে সম্ভব করেছি

## — প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

**গাজীপুর প্রতিনিধি**

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, দক্ষ জনশক্তি তৈরির মাধ্যমে আমরা দেশকে অনেক এগিয়ে নিয়ে যেতে পারি। আমরা অনেক অসম্ভবকে সম্ভব করেছি। তিনি বৃহস্পতিবার সেনাবাহিনী পরিচালিত গাজীপুরের ট্রাস্ট টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউটের জুলাই-ডিসেম্বর ২০১৫ সেশনের ছাত্রছাত্রীদের মধ্যে সনদপত্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন এডজুট্যান্ট জেনারেল ও ট্রাস্ট টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউটের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মেজর জেনারেল মাহফুজুর রহমান ও প্রতিষ্ঠানের প্রিন্সিপাল লে. কর্নেল (অব.) আছয়াদুর রহমান খান পিএসসি।